# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
## Bangladesh Open University
বোর্ড বাজার, গাজীপুর-১৭০৫

মুজিব১০০

### নৈতিকতা কমিটির ৫ম সভার কার্যবিবরণী
২৮ সেপ্টেম্বর ২০২২ ; ১৩ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ, দুপুর : ২.০০টা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের নৈতিকতা কমিটি'র ৫ম সভা মাননীয় উপাচার্য ও কমিটির সভাপতি অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার-এর সভাপতিত্বে ২৮.০৯.২০২২ তারিখ বুধবার দুপুর ২.০০টায় উপাচার্য মহোদয়ের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত সম্মানিত সদস্যগণ উপস্থিত ছিলেন:

- প্রফেসর ড. নাসিম বানু, প্রো-উপাচার্য (প্রশাসন) ও সদস্য, নৈতিকতা কমিটি, বাউবি।
- প্রফেসর ড. মাহবুবা নাসরীন, প্রো-উপাচার্য (শিক্ষা) ও সদস্য, নৈতিকতা কমিটি, বাউবি (অন-লাইনে সংযুক্ত)।
- প্রফেসর মোস্তফা আজাদ কামাল, ট্রেজারার ও সদস্য, নৈতিকতা কমিটি, বাউবি।
- ড. মহাঃ শফিকুল আলম, রেজিস্ট্রার ও সদস্য-সচিব, নৈতিকতা কমিটি, বাউবি।
- প্রফেসর সুফিয়া বেগম, ডিন, স্কুল অব এডুকেশন ও সদস্য, নৈতিকতা কমিটি, বাউবি (অন-লাইনে সংযুক্ত)।
- প্রফেসর ড. মোঃ জাহাঙ্গীর আলম, ডিন, এসএসএইচএল ও সদস্য, নৈতিকতা কমিটি, বাউবি।
- জনাব মো: মামুন হাসান (পরিচালক, প্রশাসন) ও পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ (অতিরিক্ত দায়িত্ব) ও সদস্য, নৈতিকতা কমিটি, বাউবি।
- ড. এ.এইচ.এম আনিসুর রহমান আখন্দ, পরিচালক, এসএসএস ও সদস্য, নৈতিকতা কমিটি, বাউবি।
- ড. আ. ফ. ম মেজবাহউদ্দিন, পরিচালক (ভারপ্রাপ্ত), তথ্য ও গণসংযোগ বিভাগ ও সদস্য সচিব, তথ্য অধিকার বাস্তবায়ন কমিটি। (আমন্ত্রণক্রমে)
- এম এস নাজনীন আখতার, যুগ্ম-পরিচালক (কাউন্সিল) ও সদস্য সচিব, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা কমিটি,বাউবি। (আমন্ত্রণক্রমে)
- এম এস নার্গিস আখতার, যুগ্ম-পরিচালক (অর্থ ও হিসাব বিভাগ)ও সদস্য সচিব, ইনোভেশন টিম,বাউবি। (আমন্ত্রণক্রমে)
- জনাব মো: জাহাঙ্গীর আলম, উপ-পরিচালক, কাউন্সিল ও সদস্য সচিব, অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়নে সহায়তা করার জন্য গঠিত কমিটি, বাউবি। (আমন্ত্রণক্রমে)

উপাচার্য মহোদয় উপস্থিত সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী সভা শুরু করার জন্য রেজিস্ট্রার ও সদস্য-সচিব, নৈতিকতা কমিটি, বাউবি-কে নির্দেশ দেন। অত:পর রেজিস্ট্রার মহোদয় উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে আলোচ্যসূচি বিবেচনার জন্য সভায় উপস্থাপন করেন।

আলোচ্য-০১ : বাউবির নৈতিকতা কমিটির ২৩.০৬.২০২২ তারিখে অনুষ্ঠিত ৪র্থ সভার কার্যবিবরণী অনুসমর্থন।

সিদ্ধান্ত -০১ : বাউবির নৈতিকতা কমিটির ২৩.০৬.২০২২ তারিখে অনুষ্ঠিত ৪র্থ সভার কার্যবিবরণী অনুসমর্থন করা হলো।

আলোচ্য-০২: বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২১-২০২২) ইউজিসি কর্তৃক মুল্যায়ন সম্পর্কে আলোচনা ;

সিদ্ধান্ত-০২ : বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সাথে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২১-২০২২)-এর বিভিন্ন কার্যক্রমসহ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন, সেবা প্রদান পরিকল্পনা বাস্তবায়ন, অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন এবং তথ্য অধিকার বাস্তবায়নের জন্য নির্ধারিত কার্যক্রমসমুহ ইউজিসি কর্তৃক মূল্যায়ন ও ফিডব্যাক প্রদানের কর্মশালা ১৫.০৯.২০২২ হতে ২৫.০৯.২০২২



CamScanner

তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হয়। বাউবির উল্লিখিত কমিটিগুলোর ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্টগণ তাদের স্ব স্ব কমিটির স্ব-মূল্যায়ন এবং ইউজিসি কর্তৃক মূল্যায়নের উপর প্রদানকৃত ফিডব্যাক নৈতিকতা কমিটির নিকট তুলে ধরেন। এপিএসহ বিভিন্ন কমিটির ফোকাল পয়েন্টদের পর্যবেক্ষণের এবং ইউজিসির মূল্যায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনায় যেসকল বিষয়ের কারণে বাউবি ২০২১-২০২২ অর্থবছরের মূল্যায়নে নির্দিষ্ট নম্বর পেতে সক্ষম হয়নি সেসব বিষয়ের প্রতি গুরুত্ব আরোপ করা হয়। চলমান অর্থবছরে (২০২২-২০২৩) সংশ্লিষ্ট বিষয়াদির জন্য বার্ষিক কর্মসম্পাদনের অর্জিত স্কোর যেন ক্ষতিগ্রস্থ না হয় সে বিষয়ে সকলকে সজাগ দৃষ্টি দেওয়ার অনুরোধ করা হয়।

তবে বিগত ২০২০-২০২১ অর্থবছরের তুলনায় ২০২১-২০২২ অর্থবছরে বাউবির অর্জিত স্ব-মূল্যায়িত স্কোরের অগ্রগতি হওয়ায় উপাচার্য মহোদয় এপিএ সংশ্লিষ্ট কাজে জড়িত সকল কমিটির সদস্যসহ বাউবির সকলকে এই সামস্টিক অগ্রগতির জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।

(ক) বাউবির সংশ্লিষ্ট অর্থবছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা নির্ধারিত তারিখের মধ্যে প্রস্তুতকরত: বাউবির ওয়েবসাইটে আপলোডকরণের প্রয়োজনীয় ব্যবস্থা করার জন্য সংগ্রহ শাখাকে দায়িত্ব প্রদান হয় ;

(খ) বাউবির বার্ষিক প্রতিবেদন (২০২১-২০২২) নির্ধারিত সময়ের মধ্যে প্রকাশের ব্যবস্থাকরণের জন্য তথ্য অধিকার বাস্তবায়ন কমিটিকে বিষয়টি ফলো-আপ করা এবং লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দায়িত্ব প্রদান করা হয় ;

(গ) ইউজিসির চাহিদা মোতাবেক জাতীয় ওয়েব পোর্টলের আদলে বাউবির ওয়েব পোর্টাল তৈরির ব্যবস্থা গ্রহণকরণের জন্য কম্পিউটার বিভাগকে দায়িত্ব প্রদান করা হয়। বাউবির কম্পিউটার পরিচালক এবং ওয়েব মাস্টারকে অতি দ্রুত এ বিষয়ের অগ্রগতি বাউবির রেজিস্ট্রার ও টিম লিডার, এপিএ টিম এবং উপাচার্য মহোদয়কে জানানোর সিদ্ধান্ত গ্রহণ করা হয়। বিষয়টি বাস্তবায়নের নিমিত্তে উপাচার্য মহোদয়ের নির্দেশনা গ্রহণের জন্য বার্ষিক প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রকাশের ব্যবস্থাকরণের জন্য তথ্য অধিকার বাস্তবায়নের কমিটিকে বিষয়টি ফলো-আপ করা এবং বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দায়িত্ব প্রদান করা হয়;

(ঘ) বাউবিতে ই-নথি বাস্তবায়নের বিষয়টি ফলো-আপ করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাউবির ই-নথি বাস্তবায়নের জন্য গঠিত কমিটির সাথে আলোচনা করে এর অগ্রগতি উপাচার্য মহোদয়কে অবগত করার জন্য ইনোভেশন টিমকে দায়িত্ব প্রদান করা হয়;

(ঙ) বাউবির সেবা নিশ্চিতকরণের নিমিত্তে অতি দ্রুত সিটিজেন চার্টার প্রস্তুত করার জন্য সেবা প্রদান কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য গঠিত কমিটিকে অনুরোধ করা হয়।

(চ) তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স তৈরি/ হালনাগাদ করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য অধিকার বাস্তবায়নের কমিটিকে দায়িত্ব প্রদান করা হয়;

আলোচ্য ০৩ ঃ বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২২-২০২৩) লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে করণীয় বিষয়সমুহ সর্ম্পকে আলোচনা ;

সিদ্ধান্ত ০৩ ঃ সময়ের স্বল্পতার কারণে আলোচ্যটি অদ্যকার এ সভা হতে প্রত্যাহার করা হলো। অতি তাড়াতাড়ি পরবর্তী সভায় এ বিষয়ে আলোচনা করার আশাবাদ ব্যক্ত করা হয়।

সভায় আর কোন আলোচ্য না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

| | |
|---|---|
| ড. মহাঃ শফিকুল আলম<br>রেজিস্ট্রার<br>ও<br>সচিব-সদস্য, নৈতিকতা কমিটি<br>বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়। | অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার<br>উপাচার্য<br>ও<br>সভাপতি, নৈতিকতা কমিটি<br>বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়। |



CamScanner